

কথাবলা | খেলা | পড়া |

সন্তানকে প্রতিদিন সহায়তাদানের অনেক আনন্দদায়ক পন্থা আছে যা তাদের মধ্যে আজীবন পড়ার আগ্রহ তৈরি করবে।

কথাবলা

- আপনারা যে ভাষায় সবচেয়ে স্বাচ্ছন্দ্যবোধ করেন, সন্তানের সাথে সে ভাষায় কথা বলুন। এটা আপনার সন্তানকে ভবিষ্যতে যে কোন ভাষায় শিক্ষালাভে প্রস্তুত হতে সহায়তা করবে।
- মিলিতভাবে গল্প তৈরি করুন। পরবর্তিতে কি আসবে, পালাক্রমে তার ধারণা করুন। এটা আপনার সন্তানকে বিস্তারিত স্মরণ করতে, কল্পনাশক্তি বাড়াতে, এবং শ্রবণে অভ্যস্ত হতে সহায়তা করবে।
- সন্তান যাতে চারিপাশের জগতের বর্ণনা দিতে নতুন শব্দ আয়ত্ত করতে পারে, তাতে সহায়তা করতে আপনি যে ধ্বনি শোনেন, তার বর্ণনা দিন - যেমন কার (car)-এর বিপ বিপ, বাসের গর্জন, কুকুরের ঘেউ ঘেউ - ইত্যাদি।

এটা চেষ্টা করুন! মেঘের আকৃতি সম্পর্কে ধারণা দিতে সন্তানকে মেঘ সম্পর্কে পালাক্রমে গল্প বলুন যাতে সন্তান তার কল্পনা ব্যবহার করতে ও নিজেদের ধারণাকে কথায় প্রকাশ করতে শিখে। “আমার মনে হয় মেঘ দেখতে বিড়ালের মতো! তুমি কি দেখো?”

খেলা

- গান করুন ও ছন্দমিলের গেম খেলুন। এটা আপনার সন্তানকে শব্দ শুনতে ও শব্দটির ধ্বনি স্মরণ রাখতে সহায়তা করতে পারে, এটি পাঠদক্ষতা অর্জনের পথে একটি গুরুত্বপূর্ণ ধাপ।
- খেলার মাঠ যাবেন এবং দোলনা সামনে ও পিছে কতবার দোলে, তা গণনা করবেন! আপনার সন্তান গণনা অনুশীলন ও সংখ্যা সংক্রান্ত বাক্য ব্যবহার করা শিখবে।
- পার্কে যাবেন এবং আকর্ষণীয় জিনিসের খোঁজ করবেন। সেগুলোর আকৃতি ও বর্ণ অনুযায়ী তুলনা করুন। এটি ছেলেমেয়েদেরকে বিশদ মনোযোগ ও নতুন শব্দ শেখায় সহায়তা করে।

এটা চেষ্টা করুন! গোসল করার সময় একসাথে গান করুন যা নতুন শব্দ শেখায় ও ছন্দমিল অনুশীলনে সহায়তা করবে। আপনার জানা গান করুন বা যে কোনো ভাষায় একটি নতুন গান তৈরি করুন।

পড়ুন

- রাস্তার ফলক, লেবেল, এমনকি সিরিয়াল বক্সের লেখাও পড়ুন! এ থেকে আপনার সন্তান বুঝবে যে অক্ষর ও শব্দ সবখানেই আছে, এবং তা পাঠ করা ও স্কুলে যাওয়ার জন্য তার প্রস্তুতিতে সহায়তা করবে।
- আপনার সন্তানকে স্থানীয় লাইব্রেরি থেকে তার নিজের বই বেছে নিতে সহায়তা করেন। এটা তাকে বইয়ের ও বইপাঠের প্রতি অনুরাগী করে তুলতে সহায়তা করতে পারে। একটি লাইব্রেরি কার্ড করা খুব সহজ ব্যাপার!
- আপনার পরিবারের ভাষায় সন্তানের প্রিয় বই পুনরায় পাঠ করুন। বই পুনর্পাঠ একটি রুটিন তৈরি করে এবং সন্তানকে বই, শব্দ ও গল্প ভালবাসতে সহায়তা করে।

এটা চেষ্টা করুন! আপনার সন্তানের নামের প্রথম অক্ষর দিয়ে শুরু হয়, এমন শব্দের খোঁজ করুন। অক্ষর ও শব্দ সনাক্ত করতে পারার পথে একটি গুরুত্বপূর্ণ ধাপ।

কথাবলা | খেলা | পড়া |

পাঠ শুরু করতে পরিবারের সবাই ব্যবহার করতে পারেন,
এমন অনেক উপকরণ সেখানে রয়েছে!

আপনার স্মার্টফোন, ট্যাবলেট, বা কমউটারে ফ্রি বই পড়তে myON ব্যবহার করুন।

ডিজিটাল লাইব্রেরি myON-এ স্প্যানিশসহ 6 হাজারেরও বেশি বই আছে, এবং myOn নিউজ প্রতিদিন বয়স অনুযায়ী প্রবন্ধ প্রকাশ করে। সব বয়সী ছেলেমেয়ে আছে যে পরিবারে, তারা 9/30/18 তারিখ পর্যন্ত ফ্রি ব্যবহার করতে পারবেন।

www.myon.com (জন্ম থেকে চার বছর বয়সীদের জন্য, ইউজারনেম "nyca" এবং পাসওয়ার্ড "myon")

চিলড্রেন মিউজিয়াম অভ ম্যানহ্যাটন-এর এসব মজার মজার ব্যাপারগুলো করে দেখতে পারেন

"একসাথে কথা বলার সময়" আপনাদেরকে প্রতিদিন ছেলেমেয়ের সাথে আলাপ-আলোচনায় নিমজ্জিত হতে সহায়তা করবে যা পরবর্তিতে পাঠ করতে আগ্রহী করে তুলবে। ক্ষুদ্র সংলাপ বড় কিছু শেখার সমান!

cmom.org/all-the-way-to-k-and-beyond-posters/

আপনার স্থানীয় পাঠাগারে যান

আপনার সন্তানের সাথে পড়তে, বাড়ির জন্য বই ধার নিতে, কিংবা স্টোরি-টাইম বা অন্য শিশুশিক্ষামূলক কর্মকাণ্ডে অংশ নিতে পারবেন। লাইব্রেরি বা বাড়িতে ডাউনলোড করার জন্যও অনলাইনে অনেক কিছু রয়েছে।

ম্যানহ্যাটন, ব্রুক্লিন, এবং স্ট্যাটেন আইল্যান্ডে

আপনার নিকটবর্তী লাইব্রেরি খুঁজে নিন: www.nypl.org/locations/map দেখুন বা (917) ASK-NYPL নম্বরে ফোন করুন

প্রারম্ভিক পাঠকদের জন্য পাঠসামগ্রী খুঁজে নিন: www.nypl.org/education/parents/early-literacy

ব্রুকলিনে

আপনার নিকটবর্তী লাইব্রেরি খুঁজে নিন: www.bklynlibrary.org/locations দেখুন অথবা (718)230-2100 নম্বরে কল করুন

প্রারম্ভিক পাঠকদের জন্য পাঠসামগ্রী খুঁজে নিন: www.bklynlibrary.org/learn/kids

কুইন্সে

আপনার নিকটবর্তী লাইব্রেরি খুঁজে নিন: www.queenslibrary.org/ql_findabranh দেখুন অথবা (718)230-0728 নম্বরে কল করুন

প্রারম্ভিক পাঠকদের জন্য পাঠসামগ্রী খুঁজে নিন: www.queenslibrary.org/kids/parents-teachers/early-childhood

আপনি যখন কোথাও ভ্রমণে থাকবেন, তখন আরও সুপারিশের জন্য Vroom অ্যাপ ডাউনলোড করুন

আপনার সন্তানের ত্বরিত মস্তিষ্ক বিকাশমূলক সময়ের জন্য ফ্রি অ্যাপ Vroom ব্যবহার করুন।

app.vroom.org/, অথবা আপনার স্মার্টফোনের অ্যাপ স্টোরে খুঁজুন

'Reading Rocket'-এর সহজব্যবহার্য পাঠ-উপকরণ ব্যবহার করে দেখুন

প্রতিবন্ধিতায়ুক্ত ছেলেমেয়েদের পিতামাতাসহ সকল পিতামাতাদের জন্য বহু ভাষায় পাঠবিষয়ক পরামর্শ গ্রহণ করুন।

www.readingrockets.org/article/reading-tips-parents-multiple-languages

www.schools.nyc.gov/earlyliteracy

কথাবলা | খেলা | পড়া | 3-K এবং প্রি-K শিক্ষার্থীদের জন্য "All the Way to K" হতে চিলড্রেন মিউজিয়াম অভ ম্যানহ্যাটন, অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন সার্ভিসেস এবং ডিপার্টমেন্ট ডিপার্টমেন্ট অভেডুকেশন-এর সাথে অংশীদারত্বের মাধ্যমে অভিযোজিত করা হয়েছে।